

বাস্তবায়ন অনুবিভাগ

বাস্তবায়ন অনুবিভাগ

অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের উল্লেখযোগ্য কার্যক্রমসমূহ হলোঃ সরকারি, আধা-সরকারি, স্ব-শাসিত প্রতিষ্ঠান, রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠান ও অর্থলগ্নী প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তা/কর্মচারীদের বেতনস্কেল নির্ধারণ। সকল শ্রেণির কর্মকর্তা/কর্মচারীদের বেতন স্কেল উন্নীতকরণ/বেতনস্কেল পুনঃ নির্ধারণ ও বেতন বৈষম্য দূরীকরণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ। সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ এবং অধীনস্থ সরকারি, স্ব-শাসিত প্রতিষ্ঠান ও অর্থলগ্নী প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তা/কর্মচারীদের টাইম স্কেল ও সিলেকশন গ্রেড প্রদান। সরকারি, স্ব-শাসিত প্রতিষ্ঠান ও অর্থলগ্নী প্রতিষ্ঠান সমূহের কর্মকর্তা- কর্মচারীদের টাইম স্কেল/সিলেকশন গ্রেড প্রদানে উদ্ভূত জটিলতা নিরসনে ব্যাখ্যা/মতামত প্রদান। সরকার কর্তৃক জাতীয় বেতন কমিশন গঠন এবং বেতন কমিশনের সুপারিশ বাস্তবায়ন সংক্রান্ত কার্যাবলী। বেতন বৈষম্য দূরীকরণ সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন। বেতন সংক্রান্ত জারিকৃত যাবতীয় সার্কুলার, স্মারক, প্রজ্ঞাপন/পরিপত্র ইত্যাদি হালনাগাদকরণ এবং মুদ্রণের ব্যবস্থা করা। বিদেশস্থ বাংলাদেশ দূতাবাসে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের বেতন ও ভাতাদি নির্ধারণ। আদালতের রায় বাস্তবায়নের পূর্বে সংশ্লিষ্ট মামলার বিষয়ে সকল প্রক্রিয়া সম্পন্ন হয়েছে কি না এ বিষয়ে আইন কোষের সাথে সমন্বয় সাধন। ২০১৬-১৭ অর্থবছরে বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক গৃহীত কার্যক্রমসমূহ সংক্ষেপে উপস্থাপন করা হলোঃ

- সরকারি কর্মচারীদের বেতন-ভাতাদি তাঁদের জীবন-যাত্রার ব্যয়ের সাথে সামঞ্জস্যপূর্ণ রাখার এবং মূল্যস্ফীতির সাথে সমন্বয়করণের উপায় নির্ধারণের লক্ষ্যে সার্বিক বিষয় বিচার-বিশ্লেষণপূর্বক একটি সুচিন্তিত সুপারিশমালা প্রণয়নের লক্ষ্যে সরকারি কর্মচারীদের ভবিষ্যৎ বেতন-ভাতা নির্ধারণ ও পরিবর্ধনের বিষয়ে একটি পর্যালোচনা কমিটি গঠন।
- অর্থ বিভাগের ২১ সেপ্টেম্বর, ২০১৬ পরিপত্রের মাধ্যমে জাতীয় বেতনস্কেল, ২০১৫ স্পষ্টিকরণ।

➤ উল্লিখিত কার্যাবলী ছাড়াও নিম্নে বর্ণিত কার্যাবলী সম্পাদন করা হয়েছেঃ

- বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং তার আওতাধীন দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এবং সংস্থার অস্থায়ীভাবে রাজস্বখাতে নবসৃষ্ট/সৃজিত পদসমূহের বেতনগ্রেড নির্ধারণ: মোট ৩৪,৯৬১ টি
- বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং তার আওতাধীন দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এবং সংস্থার উন্নয়ন প্রকল্প হতে অস্থায়ীভাবে রাজস্বখাতে স্থানান্তরিত পদের বেতনগ্রেড নির্ধারণ: মোট ৩,২৭৬ টি
- সিলেকশন গ্রেড/টাইমস্কেল বিষয়ে মতামত প্রদান: মোট ১০৩ টি
- রীট পিটিশন/এটি মামলার দফা ওয়ারী জবাব প্রদান মোট ৯৮ টি
- নিষ্পত্তিকৃত মামলা মোট সংখ্যা ৪ টি
- জাতীয় সংসদের প্রশ্নোত্তর প্রদান ৫টি
- বিবিধ বিষয়ে মতামত/ব্যাখ্যা প্রদান মোট ৮৫টি
- বেতনস্কেল উন্নীত ও পুনঃনির্ধারণ ২১৭টি
- বেতন বৈষম্য দূরীকরণ বিষয়ে মতামত প্রদান মোট ৩টি

